



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৯৪.২১/৫১১৬

তারিখ: ১০ মাঘ ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২১ এর প্রতিবেদন প্রকাশে শুমারি পরবর্তী যাচাই জরিপ (পিইসি) এর আওতায় তথ্যসংগ্রহ কার্যক্রমে সুপারভাইজার হিসেবে দায়িত্ব প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদনকৃত বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC) ২০২১ এর আওতায় জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ কার্যক্রম ব্যানবেইস কর্তৃক পরিচালিত হবে। সে লক্ষ্যে দৈবচয়নের মাধ্যমে বহুস্তর নমুনা পদ্ধতি অনুসরণ করে দেশের মোট ২২ টি উপজেলা/থানা থেকে মোট ৭৫ টি ইউনিয়ন/ওয়ার্ড/পৌরসভা এর প্রাথমিক বিদ্যালয় থেকে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ করা হবে। জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহের জন্য ব্যানবেইস কর্তৃক তথ্যসংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারীগণ স্বশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রার/রেকর্ড যাচাই করে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য ২ মার্চ ২০২২ থেকে ১১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত সংগ্রহ করবেন। উক্ত তথ্যসংগ্রহ কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে সুপারভাইজার হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

২। বর্ণিতাবস্থায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে তথ্যপ্রদান সম্পর্কে অবহিতকরণ ও তথ্যসংগ্রহকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
খিলগাঁও, নবাবগঞ্জ; ঢাকা/ ঘাটাইল, টাঙ্গাইল/সাটুরিয়া, মানিকগঞ্জ/আনোয়ারা,
চট্টগ্রাম/সুবর্ণচর, নোয়াখালী/লংদু, রাজশাহী/দিঘীনালা, খাগড়াছড়ি/খালিসপুর,
খুলনা/শ্যামনগর, সাতক্ষীরা/মাগুরা সদর, মাগুরা/নাচোল,
চাপাইনবাবগঞ্জ/তানোর, রাজশাহী/সুজানগর, পাবনা/রংপুর সদর,
রংপুর/রৌমারী, কুড়িগ্রাম/পার্বতীপুর, দিনাজপুর/নলচিটি,
ঝালকাঠি/বুরহানউদ্দিন, ভোলা/মাদবপুর, হবিগঞ্জ/নালিতাবাড়ি,
শেরপুর/গৌরিপুর, ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা/টাঙ্গাইল/মানিকগঞ্জ/চট্টগ্রাম/নোয়াখালী/রাজশাহী/খাগড়াছড়ি/খুলনা/
সাতক্ষীরা/মাগুরা/চাপাইনবাবগঞ্জ/রাজশাহী/পাবনা/রংপুর/কুড়িগ্রাম/দিনাজপুর/ঝালকাঠি/ভোলা/হবিগঞ্জ/শেরপুর
ময়মনসিংহ।
- ৬। অফিস নথি।


(হাবিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৬৫৪৫৭

E-mail: dg@banbeis.gov.bd